

সৃজনশীল বাংলাদেশ



বাংলাদেশ শিল্পকলা একাডেমি

১৪/৩, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

www.shilpakala.gov.bd

স্মারক: ৪৩.২০.০০০০.০১২.১১.০২১.২৩.

তারিখ:

নিয়োগপত্র

বাংলাদেশ শিল্পকলা একাডেমির তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীর শূন্য পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের লক্ষ্যে গঠিত ২নং বাছাই কমিটির সুপারিশ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ০৮-০৮-২০২৩ তারিখের ৪৩.০০.০০০০.১১৬.১১.০২১.১৭.৩৬১ নম্বর স্মারক এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিষদের ১২৪তম সভার অনুমোদনক্রমে রাজস্ব খাতভুক্ত ১৬তম গ্রেডের 'ইলেকট্রিশিয়ান' পদে নিম্নবর্ণিত প্রার্থীকে তার নামের পাশে বর্ণিত পদ ও জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০/- বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

মেধানুসারে ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	১৬০০০০৪	জনাব বিপ্রদাস হালদার পিতা-জনাব বিমল কৃষ্ণ হালদার মাতা-জনাব লক্ষী রানী হালদার	গ্রাম-দক্ষিণ শ্রীরামকাঠী ওয়ার্ড-০৮ ডাকঘর-শ্রীরামকাঠী পোস্ট কোড-৮৫৪১ উপজেলা-নাজিরপুর জেলা-পিরোজপুর।	গ্রাম-দক্ষিণ শ্রীরামকাঠী ওয়ার্ড-০৮ ডাকঘর-শ্রীরামকাঠী পোস্ট কোড-৮৫৪১ উপজেলা-নাজিরপুর জেলা-পিরোজপুর।

শর্তাবলী:

- (১) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।
- (২) তিনি মাসিক ৯,৩০০/- (নয় হাজার তিনশত) টাকা মূল বেতন এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন ;
- (৩) তার চাকরি বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (৪) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে বাংলাদেশ শিল্পকলা একাডেমি (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ১৯৯২ এর ৭(১) ধারা অনুযায়ী ৬ (ছয়) মাস শিক্ষানবিস থাকবেন। নিয়োগকারী কর্তৃপক্ষ সুনির্দিষ্ট কারণ লিপিবদ্ধ করে তার শিক্ষানবিসী মেয়াদ আরও ৬(ছয়) মাসের জন্য বৃদ্ধি করতে পারবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষ তার/তাদের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- (৫) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (৬) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;
- (৭) যোগদানের সময় শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার মূল/সাময়িক কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- (৮) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (৯) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার/তাদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (১০) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (১১) চাকরিতে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

- (১২) বাংলাদেশ শিল্পকলা একাডেমি (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ১৯৯২ এর প্রবিধান ৩৫ (৩) মোতাবেক একাডেমির চাকরিতে যোগদানের সাথে সাথেই বিশ্বস্ততা ও গোপনীয়তার ঘোষণা পত্র স্বাক্ষরপূর্বক দাখিল করতে হবে।
- (১৩) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা/দৈনিক ভাতা পাবেন না;

০২। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৬-১০-২০২৩ খ্রি/১০ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ তারিখ পূর্বাঞ্চে মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।



(লিয়াকত আলী লাকী)
মহাপরিচালক
ফোন: ২২৩৩৮২৮৩৬

স্মারক: ৪৩.২০.০০০০.০১২.১১.০২১.২৩.৬৬৮

তারিখ: ১২.১০.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, চারুকলা বিভাগ/প্রযোজনা বিভাগ/গবেষণা ও প্রকাশনা বিভাগ/সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ/প্রশিক্ষণ বিভাগ/নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, বাশিএ।
- ৪। উপপরিচালক, অর্থ, হিসাব ও পরিকল্পনা উপবিভাগ, বাশিএ।
- ৫। সহকারী পরিচালক (পি.এস), বাশিএ।
- ৬। সচিবের ব্যক্তিগত সহকারী, বাশিএ।
- ৭। জনাব বিপ্রদাস হালদার, পিতা-জনাব বিমল কৃষ্ণ হালদার, মাতা-জনাব লক্ষ্মী রানী হালদার, গ্রাম-দক্ষিণ শ্রীরামকাঠী, ওয়ার্ড-০৮, ডাকঘর-শ্রীরামকাঠী, পোস্ট কোড-৮৫৪১, উপজেলা-নাজিরপুর, জেলা-পিরোজপুর।
- ৮। অফিস কপি/গার্ড ফাইল।



(সালাহউদ্দিন আহাম্মদ)
সচিব
ফোন: ২২৩৩৮৪৬১৭